অগ্রণী ব্যাংক লিমিটেড
**Agrani Bnak Limited**
**Procurement and Common Services Division(Printing),**
Head Office, Alamin Centre (3rd Floor), 25/A Dilkusha C/A, Dhaka-1000.
E-mail: dgmpsd@agranibank.org Tel: 02223380718 (DGM), 02223357926 (AGM & MICR), 02223387299 (Security Godown)

বিদ্যুতের অপচয় রোধ করুন, দেশের স্বার্থে সজাগ থাকুন।
শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার।

**দরপত্র বিজ্ঞপ্তি নং প্রকসাডি(প্রিন্টিং)/বার্ষিক প্রতিবেদন- ২০২২/০১** **তারিখ:২২-০২-২০২৩**

## উন্মুক্ত দরপত্র

অগ্রণী ব্যাংক লিমিটেড এর ২০২২ সালের **বার্ষিক প্রতিবেদন (কাগজসহ মুদ্রণ ও বাঁধাই)** মুদ্রণ ও প্রস্তুত করার জন্য খ্যাতনামা প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত উন্মুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্নেবর্ণিত হলো।

| | | | |
|---|---|---|---|
| ১. | কাজের নাম ও বিবরণ | : | অগ্রণী ব্যাংকের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ।(প্রধান কার্যালয়ের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন কর্তৃক সরবরাহকৃত পান্ডুলিপি ও নমুনা মোতবেক) কাজের বিবরণঃ- Size :8.50" X 11.7" No of pages: 432(approximate), Paper: 120 GSM Mat paper. Cover: 300 GSM Art Card with spot lamination, Color: 4 color printing both sides, Binding: Auto Glue binding with stitch , Quantity:1500 Books.প্রতি বইয়ে আনুমানিক পাতার সংখ্যা ৪৩২ টি। দরপত্রে প্রতিটি পাতার মূল্যসহ(ডিজাইন বিলসহ) প্রতিটি বইয়ের মূল্য উল্লেখ করতে হবে। বার্ষিক প্রতিবেদন (বই) এর সংখ্যা এবং পাতা কমবেশি হলে আনুপাতিকভাবে মূল্য পরিশোধ করা হবে। |
| ২. | অর্থের উৎস | : | অগ্রণী ব্যাংক লিমিটেড এর **নিজস্ব উৎস থেকে।** |
| ৩. | কার্য সম্পাদনের সময় | : | কার্যাদেশ প্রাপ্তির তারিখ থেকে **৩০(ত্রিশ) দিনের** মধ্যে । |
| ৪. | দরপত্রদাতার যোগ্যতা | : | রাষ্ট্রমালিকানাধীন ব্যাংকের বার্ষিক **প্রতিবেদন** মুদ্রণ কাজে কমপক্ষে ৩ বছরের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন খ্যাতনামা ছাপাখানা প্রতিষ্ঠান। হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র থাকতে হবে এবং ভ্যাট রেজিস্ট্রেশন ও বৈধ ট্রেড লাইসেন্সধারী হতে হবে এবং কার্য সম্পাদনের প্রমাণপত্র দিতে হবে (কার্যাদেশ পত্র গ্রহণযোগ্য নয়)। |
| ৫. | দরপত্র তফসিলের মূল্য | : | সিডিউল আগামী **১৫-০৩-২০২৩** তারিখ বেলা-১২.০০ ঘটিকা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে বার্ষিক প্রতিবেদনের জন্য অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা প্রধান শাখা,মতিঝিল,ঢাকায় রক্ষিত "মুমবি দরপত্র সিডিউল বিক্রি" চলতি হিসাব নং- ০২০০০০০০৫২২৫৬ এ নগদ জমা পূর্বক নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য অগ্রণী ব্যাংকের নিজস্ব ওয়েব সাইট(www.agranibank.org/notices .php) থেকে সিডিউল ডাউনলোড করে সংশ্লিষ্ট হিসাবে সিডিউলের মূল্য জমা দিয়ে জমার রশিদ দরপত্রের সাথে দাখিল করতে হবে। |
| ৬. | দরপত্রের জামানত | : | দরপত্রে উদ্ধৃত মোট দরের ৫% ( শতকরা পাঁচভাগ) হারে আর্নেষ্টমানি হিসেবে " অগ্রণী ব্যাংক লিমিটেড", প্রধান কার্যালয়, ঢাকা এর অনুকূলে পে-অর্ডার/ডিডি (ফেরতযোগ্য) আকারে দরপত্রের সাথে দাখিল করতে হবে। |
| ৭. | দরপত্র তফসিল বিক্রয়ের সময়সীমা | : | আগামী **১৫-০৩-২০২৩ তারিখ** বেলা-১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ৮. | দরপত্রের তফসিল বিক্রয়ের স্থান | : | উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিসেস ডিভিশন (প্রিন্টিং), প্রধান কার্যালয়, আলামিন সেন্টার (৩য় তলা), ২৫/এ, দিলকুশা বা/এ, ঢাকা। |
| ৯. | দরপত্র জমাদানের সর্বশেষ তারিখ, সময় ও স্থান | : | **আগামী ১৬-০৩-২০২৩ তারিখ বেলা -১২.০০ ঘটিকা পর্যন্ত।**<br>স্থানঃ অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, আলামিন সেন্টার (৩য় তলা), ২৫/এ, দিলকুশা বা/এ, ঢাকা |
| ১০. | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | : | **আগামী ১৬-০৩-২০২৩ তারিখ বেলা- ৩.০০ ঘটিকা** । দরদাতাদের উপস্থিতিতে (যদি থাকেন)দরপত্র খোলা হবে।<br>স্থানঃ মহাব্যবস্থাপক,প্রকসাডি , মহোদয়ের অফিস কক্ষে (৮ম তলা), অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল,ঢাকা। |
| ১১ | বিশেষ শর্তাবলী | : | **অত্র ব্যাংকের সেন্ট্রাল একাউন্টস ডিভিশন এর সাথে মুদ্রণকারী প্রতিষ্ঠানের সার্বক্ষণিক সমন্বয় এবং যোগাযোগের মাধ্যমে বার্ষিক প্রতিবেদন-২০২২ মুদ্রনের কাজ সম্পন্ন করতে হবে এবং মুদ্রণকারী প্রতিষ্ঠানের একজন ডিজাইনার অত্র ব্যাংকের সেন্ট্রাল একাউন্টস ডিভিশনে এসে বার্ষিক প্রতিবেদন-২০২২ টিমের চাহিদা ও পরামর্শে বার্ষিক প্রতিবেদন-২০২২ এর ডিজাইনের কাজ সম্পন্ন করতে হবে।** |
| ১২. | অন্যান্য শর্তাবলী | : | (ক) এই দরপত্রের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর, ২০০৮ (সংশোধিত ২০০৯)-এর বিধিবিধান সমূহ প্রযোজ্য হবে।<br>(খ) আগ্রহী ছাপাখানা/সরবরাহকারীদেরকে ইতোঃপূর্বে কৃতকাজের প্রমানস্বরুপ প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।<br>(গ) অনিবার্য কারণবশতঃ দরপত্র খোলার দিন দরপত্র খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র খোলা হবে। এ জন্য আলাদা নোটিশ প্রদান করা হবে না।<br>(ঘ) ডাক অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন তফসিল বিক্রয় করা হবে না অথবা কোন দরপত্র দাখিল করা যাবে না।<br>(ঙ) কোন কারণ দর্শানো ছাড়াই অগ্রণী ব্যাংক লিমিটেড কর্তৃপক্ষ যেকোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।<br>(চ) দরপত্রে কোন ঘষা মাজা/কাটা-কাটি গ্রহনযোগ্য নয় এবং ব্যাংক কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন,পরিবর্ধন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষন করে।<br>(ছ) ছাপার কাজ শেষ হলে বার্ষিক প্রতিবেদন এর সংখ্যা এবং পাতা কমবেশি হলে প্রকৃতপক্ষে যত সংখ্যা এবং যত পাতার বার্ষিক প্রতিবেদন দাঁড়াবে সেটাই চুড়ান্ত বলে বিবেচিত হবে এবং সে মোতাবেক মূল্য পরিশোধ করা হবে। তাছাড়া সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও এআইটি কর্তন করা হবে। |

২২/২/২৩
মোহাম্মদ কবির
উপ-মহাব্যবস্থাপক
অগ্রণী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়,ঢাকা।